

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়  
গুরুদাসপুর, নাটোর

স্মারক নং-৪৭.৬২.৬৯৪১.০০০.০৬.০০১.১৫.৪০

তারিখঃ ২৫-০১-২০২১খ্রিঃ।

“নোটিশ”

এতদ্বারা পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, উক্ত কমিটির সভা আগামী ৩১-০১-২০২১খ্রিঃ রোজ বুধবার সকাল ১১.০০টায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

  
(মোঃ জিয়াউর রহমান)

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

প্রাপক

১. চেয়ারম্যান, ৬নং চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
২. ----- অফিসার, গুরুদাসপুর, নাটোর।

অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।
- ০৪। ইউডিএফ, ইউজিডিপি, এলজিইডি, গুরুদাসপুর, নাটোর।
- ০৫। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়  
গুরুদাসপুর, নাটোর।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটি'র সভার কার্যবিবরণীঃ  
সভাপতিঃ মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর।  
সভার তারিখঃ ৩১/০১/২০২২খ্রিঃ, সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা  
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের অফিস কক্ষ।  
উপস্থিত সদস্যদের হাজিরাঃ পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ আলাল শেখ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের সভাপতিত্বে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয়কে আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

আলোচ্য সূচি ০১ঃ বিগত অধিবেশনের সিদ্ধান্ত সমূহ পাঠ ও অনুমোদন।

সভায় বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনানো হয়, কার্যবিবরণীর উপর সভায় বিস্তারিত আলোচনা হয় এবং কোন প্রকার সংশোধনী না থাকায় তা সভায় সর্বস্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচি ০২ঃ সোনালী ব্যাংক লিঃ, গুরুদাসপুর শাখায় হতে কু-ঋণ তহবিল ফেরৎ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

আলোচ্য বিষয়ের প্রেক্ষিতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ জিয়াউর রহমান সভায় জানান যে, অত্র দপ্তরের আওতাধীন মহিলা উন্নয়ন অনুবিভাগ এর ঋণ কার্যক্রম সোনালী ব্যাংক লিঃ গুরুদাসপুর শাখায় হতে পরিচালিত হয়। সোনালী ব্যাংক লিঃ এর পরিশোধিত সুদের ২% কু-ঋণ তহবিল ফেরৎ প্রদানের নির্দেশনা থাকলে তা পরিশোধ করেন নাই। পরিশোধের জন্য সোনালী ব্যাংকে বারবার পত্র প্রদান করা হলেও তারা ২% কু-ঋণ তহবিল ফেরৎ প্রদান করছে না। এমতাবস্থায়, উপজেলা প্রশাসন এবং উপজেলা পরিষদের সহায়তা কামনা করা হয়। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা কৃষি ঋণ কমিটির মাধ্যমে উভয় পক্ষের সহিত আলোচনা করে সমাধানের সিদ্ধান্ত গহন করা হয়।

আলোচ্য সূচি ০৩ঃ মেয়াদসীর্ণ খেলাপি ঋণ আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

আলোচ্য বিষয়ের প্রেক্ষিতে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব মোঃ জিয়াউর রহমান সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালোভাবে চলছে, অত্র দপ্তরের আওতায় ০৬টি কর্মসূচিতে প্রায় ৩(তিন) কোটি ঋণ কার্যক্রম চলমান। ০৩টি কর্মসূচিতে ১২.৮১ লক্ষ টাকা খেলাপি ঋণ রয়েছে। অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারী খেলাপি ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রেখেছে। উপজেলা প্রশাসন এবং উপজেলা পরিষদের সহায়তা পেলে খেলাপি ঋণ আদায় সহজ হবে। উক্ত বিষয়ে সভায় আলোচনা ও পর্যালোচনা করা হয় এবং উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদ সহায়তা করার প্রতিশ্রুতি প্রদান করেন। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মহোদয়কে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদে সহায়তা গ্রহন করতঃ খেলাপি ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।

বিবিধ : বিবিধ আর কোন আলোচনা না থাকায় অদ্যকার সভার সভাপতি ও ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয় উপস্থিত সকলকে আবাবো ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



মোঃ আলাল শেখ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ সম্পর্কিত স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

গুরুদাসপুর, নাটোর।





পল্লী উন্নয়ন ও সমবায় সম্পর্কিত স্থায়ী কমিটির সভা

তারিখঃ ০৪/৩/২২ খ্রিঃ

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিত সদস্যগণের পদবি ও স্বাক্ষর।

ক্রঃনং	সদস্য	পদবী	স্বাক্ষর
০১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গুরুদাসপুর, নাটোর	সভাপতি	
০২	চেয়ারম্যান, ৬নং চাপিলা ইউনিয়ন পরিষদ, গুরুদাসপুর, নাটোর	সদস্য	
০৩	উপজেলা কৃষি অফিসার গুরুদাসপুর, নাটোর	সদস্য	
০৪	উপজেলা সমবায় অফিসার গুরুদাসপুর, নাটোর	সদস্য	
০৫	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার গুরুদাসপুর, নাটোর	সদস্য সচিব	